# ২০২৫

## বাংলা — মাইনর

পত্র : MN-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) চর্যাপদের পুঁথি কে, কোথা থেকে, কবে আবিষ্কার করেন? এই গ্রন্থে প্রতিফলিত তৎকালীন বাংলার সমাজচিত্র সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ৩+১২

*অথবা*

(খ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে মোট ক’টি খণ্ড আছে? খণ্ডগুলির নাম লেখো। এই কাব্যের গুরুত্ব আলোচনা করো। ১+৪+১০

২। (ক) মহাভারতের অনুবাদক হিসেবে কবি কাশীরাম দাসের প্রতিভার পরিমাপ করো। ১৫

*অথবা*

(খ) বাংলার সাহিত্য ও সমাজ জীবনে শ্রীচৈতন্যদেবের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১৫

৩। (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার গুরুত্ব কোথায় তা লেখো। এই রাজসভার একজন কবির কবিপ্রতিভা আলোচনা করো। ৫+১০

*অথবা*

(খ) শাক্ত পদাবলীর কবি কমলাকান্ত ভট্টাচার্যের কবিপ্রতিভার মূল্যায়ন করো। ১৫

৪। (ক) টীকা লেখো — চর্যাপদের ভাষা। ৫

*অথবা*

(খ) টীকা লেখো — প্রাকৃতপৈঙ্গল। ৫

৫। (ক) টীকা লেখো — শ্রীরাম পাঁচালী। ৫

*অথবা*

(খ) টীকা লেখো — গোবিন্দদাস। ৫

৬। (ক) বাংলা মঙ্গলকাব্য ধারার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৫

*অথবা*

(খ) টীকা লেখো — আগমনী ও বিজয়া। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাপদ কোথা থেকে প্রকশিত হয়?

(খ) 'চর্যা' কথার অর্থ কী?

(গ) চর্যাপদে কতজন কবির লেখা পদ পাওয়া যায়?

(ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্য কে, কোথা থেকে আবিষ্কার করেন?

(ঙ) 'চৈতন্যভাগবত' গ্রন্থটি কার লেখা?

(চ) 'গুণরাজ খাঁ' কার উপাধি ছিল?

(ছ) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটি কবে লেখা হয়?

(জ) শ্রীচৈতন্যদেবের জন্ম সাল লেখো।

(ঝ) কবি রূপরাম চক্রবর্তী রচিত মঙ্গলকাব্যটির নাম কী?

(ঞ) মধ্যযুগে কোন কবি 'কবিকঙ্কন' উপাধি লাভ করেন?

(ট) জ্ঞানদাস কোন শতকের কবি?

(ঠ) "আদিত্যবার শ্রীপঞ্চমী পূর্ণ মাঘ মাস।"— 'আদিত্যবার' কথাটির অর্থ লেখো।

(ড) 'অন্নদামঙ্গল' কাব্যটি কে রচনা করেন?

(ঢ) কবি ভারতচন্দ্র কোন সময়ের কবি ছিলেন?

(ণ) 'সয়ফুল-মূলক-বদিউজ্জামাল' গ্রন্থটির রচয়িতার নাম কী?

---